

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি,
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৪.১৮.০০১.১৮.৩৩

তারিখ: ১৩ মাঘ ১৪২৬


২৭ জানুয়ারি ২০২০

অফিস আদেশ

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর দেশের নথিপত্র ও মুদ্রিত প্রকাশনার কেন্দ্রীয় সংগ্রহশালা। অধিদপ্তরাধীন জাতীয় আরকাইভস ২৫ বছরের পুরাতন আরকাইভাল ভ্যালু সম্পন্ন রেকর্ড, নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ পরিচর্যা ও গবেষকদের তথ্য সেবা দিয়ে থাকে। অন্যদিকে, জাতীয় গ্রন্থাগার দেশের সকল সৃজনশীল প্রকাশনা সংগ্রহ, সংরক্ষণ ও পাঠকদের তথ্য সেবা দিয়ে থাকে। দুটি প্রতিষ্ঠানই সরকারের গুরুত্বপূর্ণ সংস্থা। বর্তমান সরকার ২০২০ সালকে মুজিববর্ষ হিসেবে ঘোষণা করেছেন। সকল দপ্তর/সংস্থার মতো এ অধিদপ্তরও মুজিববর্ষ উপলক্ষ্যে নানা কর্মসূচি গ্রহণ করেছে। এ উপলক্ষ্যে জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগারের বঙ্গবন্ধু কর্নারকে নতুন আঙ্গিকে সাজানো হয়েছে। অধিদপ্তরের দুটি ভবনের স্ট্যাক ব্লকে জাতির ইতিহাসের আকরবাহী গুরুত্বপূর্ণ তথ্যসামগ্রী ও নথিপত্র সংরক্ষিত রয়েছে। এসব তথ্যসামগ্রী ও নথিপত্রের বৈদ্যুতিক নিরাপত্তার জন্য নিম্নলিখিত কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব প্রদান করা হলো।

ক্র: নং	জাতীয় আরকাইভস	দায়িত্ব	জাতীয় গ্রন্থাগার	দায়িত্ব
১।	প্রত্যেক কর্মদিবসে বিকেল ৫.০০ ঘটিকার সময় স্ট্যাক ব্লকের সকল সার্কিট ব্রেকার নামিয়ে যেতে হবে এবং পরের দিন সকাল ৯.০০ ঘটিকায় অফিসে এসে সার্কিট ব্রেকার উঠিয়ে দিতে হবে।	১। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা	প্রত্যেক কর্মদিবসে বিকেল ৫.০০ ঘটিকার সময় স্ট্যাক ব্লকের সকল সার্কিট ব্রেকার নামিয়ে যেতে হবে এবং পরের দিন সকাল ৯.০০ ঘটিকায় অফিসে এসে সার্কিট ব্রেকার উঠিয়ে দিতে হবে।	১। জনাব মোঃ নাজমুস শাহাদৎ, সহকারী গ্রন্থাগার পরিচালক
২।	জাতীয় আরকাইভস ভবনের দোতলায় বঙ্গবন্ধু কর্নার সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকেল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।	১। জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক	জাতীয় গ্রন্থাগার ভবনের নিচতলায় বঙ্গবন্ধু কর্নার সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকেল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।	১। জনাব মোঃ নাজমুস শাহাদৎ, সহকারী গ্রন্থাগার পরিচালক
৩।	প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা থেকে ১১.০০ ঘটিকা পর্যন্ত জাতীয় আরকাইভস ভবন ও জাতীয় গ্রন্থাগার ভবন এর স্ট্যাক ব্লকসহ আঙ্গিনা, করিডোরের প্রত্যেকটি ইলেকট্রিক বোর্ড, সুইচ, বাতি চেকআপ করবেন। কোথাও কোন সমস্যা থাকলে তা চিহ্নিত করে সঙ্গে সঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। এছাড়া প্রত্যেক সপ্তাহের শেষ কর্মদিবসে বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে এ সংক্রান্ত রিপোর্ট মহাপরিচালকের দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।			১। জনাব মোঃ আবুল হোসেন, ইলেকট্রিশিয়ান

উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত কোন সমস্যা হলে বা কোন কাজের প্রয়োজন হলে পরিচালকের সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান করবেন।



২৭-১-২০২০

ফরিদ আহমদ ভূঁইয়া

মহাপরিচালক

ফোন: ০২-৯১৩৫৭০৯

ফ্যাক্স: ০২-৫৮১৫৩৬৭১

ইমেইল: dg@nanl.gov.bd

নম্বর:

তারিখ: ১৩ মাঘ ১৪২৬

২৭ জানুয়ারি ২০২০

৪৩.২৫.০০০০.০০৪.১৮.০০১.১৮.৩৩/১(২৫)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম কারখানা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৭) জনাব মোঃ আবুল হোসেন, ইলেকট্রিশিয়ান, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর দায়িত্বে নিয়োজিত, ঢাকা।
- ৮) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৯) পরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ১০) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।



২৭-১-২০২০

তাহমিনা আক্তার

উপপরিচালক (আরকাইভস) (চলতি
দায়িত্ব)